

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ২৭/২০১৮-১৯

ঢাকা, সোমবার, ৬ আগস্ট ২০১৮, ২২ শ্রাবণ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

- ১। ডেনমার্ক ও উত্তর কোরিয়ার সহযোগিতায় রাষ্ট্রপতির সন্তোষ : দুই বিদায়ি রাষ্ট্রদূতের সাক্ষাৎ
- ২। জনগণের কষ্টার্জিত অর্থের সদ্যবহার নিশ্চিত করতে সিএজি'র প্রতি রাষ্ট্রপতির আহ্বান
- ৩। দেশের প্রতি ঘরে বিদ্যুতের আলো জ্বলবে : আটটি বিদ্যুৎকেন্দ্র উদ্বোধনকালে প্রধানমন্ত্রী
- ৪। কোনো রকমের গুজবে কান না দিতে আন্দোলনরত শিক্ষার্থীসহ দেশবাসীর প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান
- ৫। শেখ কামাল ছিলেন বহুমুখী প্রতিভার অধিকারী : প্রধানমন্ত্রী
- ৬। সড়ক পরিবহণ আইন আজ মন্ত্রিসভায় উঠছে
- ৭। ঐতিহাসিক ছয় দফা ছিল বাঙালি জাতির মুক্তিসনদ : শিল্পমন্ত্রী
- ৮। সরকার শিক্ষার্থীদের দাবি বাস্তবায়নে কাজ করছে : স্বাস্থ্যমন্ত্রী
- ৯। আন্দোলনরত শিক্ষার্থীদের রাস্তা থেকে ফিরে যাওয়ার আহ্বান স্বরাষ্ট্রমন্ত্রীর
- ১০। শিক্ষামন্ত্রীর সাথে সাড়ে সাতশ' প্রতিষ্ঠান প্রধানের মতবিনিময়
শিক্ষার্থীদের ক্লাসে ফেরাতে নির্দেশ শিক্ষা মন্ত্রণালয়ের
- ১১। সরকার নিরাপদ সড়ক আন্দোলনে শিক্ষার্থীদের পাশেই আছে
বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে তথ্যমন্ত্রী
- ১২। ভূমিকম্প মোকাবিলায় নিয়মিত মহড়া করতে হবে : ত্রাণমন্ত্রী
- ১৩। রোহিঙ্গা শিশুদের শিক্ষায় আড়াই কোটি মার্কিন ডলার দেবে বিশ্বব্যাংক

১। ডেনমার্ক ও উত্তর কোরিয়ার সহযোগিতায় রাষ্ট্রপতির সন্তোষ : দুই বিদায়ি রাষ্ট্রদূতের সাক্ষাৎ

ডেনমার্ক ও উত্তর কোরিয়ার রাষ্ট্রদূতগণ গতকাল (৫ আগস্ট রোববার) বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে বিদায়ি সাক্ষাতে মিলিত হন। বিদায়ি রাষ্ট্রদূতদ্বয় হলেন-ডেনমার্কের মাইকেল হেমনিতি উইনথের ও উত্তর কোরিয়ার রাষ্ট্রদূত রি সং হেয়ন। রাষ্ট্রপতি ডেনমার্কের কূটনীতিকের সাথে আলাপকালে বাংলাদেশের সঙ্গে দেশটির বিদ্যমান সম্পর্কে চমৎকার বলে উল্লেখ করে রোহিঙ্গা ইস্যুতে ডেনমার্কের সমর্থন ও অবদানের কথা স্মরণ করেন। উত্তর কোরিয়ার বিদায়ি রাষ্ট্রদূতের সঙ্গে বৈঠককালে রাষ্ট্রপতি বলেন, ১৯৭৩ সাল থেকে বাংলাদেশের সঙ্গে উত্তর কোরিয়ার অত্যন্ত চমৎকার দ্বিপাক্ষীয় সম্পর্ক রয়েছে এবং উভয় দেশ বিভিন্ন আন্তর্জাতিক ইস্যুতে একে অপরকে সহযোগিতা করে আসছে। সূত্র : জনকণ্ঠ (পৃ.২,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.৩,ক.৮)।

২। জনগণের কষ্টার্জিত অর্থের সদ্যবহার নিশ্চিত করতে সিএজি'র প্রতি রাষ্ট্রপতির আহ্বান

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ অর্থনৈতিক লেনদেনের জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন। নবনিযুক্ত কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল অভ বাংলাদেশ (সিএজি) মোহাম্মদ মুসলিম চৌধুরী গতকাল (৫ আগস্ট রোববার) বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান। রাষ্ট্রপতি বলেন, জনগণের কষ্টার্জিত অর্থের সদ্যবহার নিশ্চিত করুন। আপনাদের যথাসময়ে অডিট কার্যক্রম নিশ্চিত করতে হবে। সূত্র: জনকণ্ঠ (পৃ.২,ক.১), সংবাদ (পৃ.২,ক.৮), অবজারভার (পৃ.১০,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.৩,ক.১)।

৩। দেশের প্রতি ঘরে বিদ্যুতের আলো জ্বলবে : আটটি বিদ্যুৎকেন্দ্র উদ্বোধনকালে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা নবনির্মিত আটটি বিদ্যুৎকেন্দ্র উদ্বোধনকালে বলেছেন, দেশের প্রত্যেক ঘরে বিদ্যুতের আলো জ্বালাতে তাঁর সরকার বদ্ধপরিকর। গতকাল (৫ আগস্ট রোববার) গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে নতুন আটটি বিদ্যুৎকেন্দ্রের ফলক উন্মোচনকালে প্রধানমন্ত্রী আরো বলেন, দারিদ্র্যমুক্ত দেশ গড়তে এবং রোগে ভুগে কেউ যেন মারা না যায় ও অন্ধকারে না থাকে সে লক্ষ্যে সরকার পরিকল্পিতভাবে কাজ করে যাচ্ছে। এছাড়া, প্রধানমন্ত্রী শেখ হাসিনা দু'টি গ্রিড সাবস্টেশন এবং দেশের আরো ২১টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়নের কার্যক্রম উদ্বোধন করেন। সূত্র : ইত্তেফাক (পৃ.১৩,ক.২), আমাদের অর্থনীতি (শেষ পৃ.,ক.১), অবজারভার (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.৯,ক.১)।

৪। কোনো রকমের গুজবে কান না দিতে আন্দোলনরত শিক্ষার্থীসহ দেশবাসীর প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান

প্রধানমন্ত্রী শেখ হাসিনা কোনো রকমের গুজবে কান না দিতে আন্দোলনরত শিক্ষার্থীসহ দেশবাসীর প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, দেশের ভেতরে একটা অশান্ত পরিবেশ সৃষ্টি করার অপচেষ্টা চলছে। তাই আপনারা কোনো ধরনের গুজবে কান দেবেন না। কোনো মিথ্যা প্রচারে বিভ্রান্ত হবেন না। যাই দেখেন বা শোনে, প্রথমে তা যাচাই করবেন। কোনো কিছু যাচাই না করে বিশ্বাস করবেন না। বিশেষ করে আমি স্কুল-কলেজের শিক্ষার্থী, যুবসমাজ ও তরুণদের এ অনুরোধ করছি। তৃতীয় পক্ষের অনুপ্রবেশ ঘটায় আন্দোলনকারীদের নিরাপত্তার শংকায় নিরাপদ সড়কের দাবিতে আন্দোলনরত কোমলমতি ছাত্র-ছাত্রীদের ক্লাসে ও ঘরে ফিরে যাওয়ার আহ্বান জানান তিনি। গতকাল (৫ আগস্ট রোববার) গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের বাস্তবায়নাধীন 'জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো উন্নয়ন' শীর্ষক প্রকল্পের অধীনে ১০টি জেলার ৩০০ ইউনিয়নের অপটিক্যাল ফাইবার কানেকটিভিটির উদ্বোধনকালে তিনি এ কথা বলেন। সূত্র : ইত্তেফাক (পৃ.১,ক.৭), সমকাল (পৃ.১,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.২), ডেইলি সান (পৃ.১,ক.১)।

৫। শেখ কামাল ছিলেন বহুমুখী প্রতিভার অধিকারী : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র শেখ কামাল ছিলেন বহুমুখী প্রতিভার একজন মানুষ। তিনি গতকাল (৫ আগস্ট রোববার) তাঁর সরকারি বাসভবন গণভবনে আয়োজিত এক অনুষ্ঠানে শেখ কামালের ৬৯তম জন্মবার্ষিকীতে তাঁকে স্মরণ করে এ কথা বলেন। সূত্র : সংবাদ (শেষ পৃ.,ক.৫), এশিয়ান এজ (পৃ.৩,ক.২)।

৬। সড়ক পরিবহণ আইন আজ মন্ত্রিসভায় উঠছে

আজ (৬ আগস্ট সোমবার) মন্ত্রিসভা বৈঠকে চূড়ান্ত অনুমোদনের জন্য উঠছে ‘সড়ক পরিবহণ আইন-২০১৮’ এর খসড়া। সকাল ১০টায় সচিবালয়ে মন্ত্রিপরিষদ সভাকক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে এ বৈঠক অনুষ্ঠিত হবে। সূত্র : ইত্তেফাক (পৃ.১,ক.১), সমকাল (পৃ.১,ক.৬), নিউজ টুডে (পৃ.১,ক.১), ডেইলি সান (পৃ.১,ক.৫)।

৭। ঐতিহাসিক ছয় দফা ছিল বাঙালি জাতির মুক্তিসনদ : শিল্পমন্ত্রী

শিল্পমন্ত্রী আমির হোসেন আমু ঐতিহাসিক ছয় দফাকে বাঙালি জাতির মুক্তিসনদ হিসেবে আখ্যায়িত করে বলেছেন, এটি ছিল বাঙালি জাতির স্বাধীনতার ভিত্তি ও স্বাধীনতা আন্দোলনের প্রাণশক্তি। এ সত্য উপলব্ধি করতে পেরেই তৎকালীন পাকিস্তানি শাসকগোষ্ঠী তা মেনে নেয়নি। একটি সুখী, আত্মনির্ভরশীল ও স্বাধীন জাতি হিসেবে পৃথিবীর বুকে বাঙালি জাতিকে আত্মপ্রকাশের সুযোগ করে দিতেই বঙ্গবন্ধু ঐতিহাসিক ছয় দফা ঘোষণা করেছিলেন। ছয় দফার ধারাবাহিকতায় স্বাধীন বাংলাদেশের জন্ম হয়েছে বলে তিনি মন্তব্য করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে বাংলাদেশ জাতীয় জাদুঘর আয়োজিত ‘বাঙালির জাতীয় মুক্তির সংগ্রাম: বঙ্গবন্ধুর ছয় দফা’ শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে শিল্পমন্ত্রী এ কথা বলেন। রাজধানীর জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে গতকাল (৫ আগস্ট রোববার) এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। সূত্র : ইত্তেফাক (পৃ.৩,ক.৫), সমকাল (পৃ.৫,ক.১)।

৮। সরকার শিক্ষার্থীদের দাবি বাস্তবায়নে কাজ করছে : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, সরকার শিক্ষার্থীদের দাবি মেনে নিয়েছে এবং তা বাস্তবায়নের কাজ করছে। দাবি বাস্তবায়নের অংশ হিসেবে আজ (৬ আগস্ট সোমবার) মন্ত্রিসভা ‘সড়ক পরিবহণ আইন-২০১৮’র খসড়া অনুমোদন করবে। গতকাল (৫ আগস্ট রোববার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে স্বাস্থ্যবিষয়ক এক এডভোকেসি সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি আরো বলেন, বর্তমান সরকার সর্বদা মানুষের কল্যাণের জন্য কাজ করে। স্বাস্থ্যমন্ত্রী বলেন, এখন শিক্ষার্থীরা রাস্তা ছেড়ে যেতে চান। কিন্তু একটি স্বার্থান্বেষী মহল গুজব ছড়িয়ে দেশে বিশৃঙ্খলা সৃষ্টি করতে চায়। শিক্ষার্থীদের ন্যায্য দাবির আন্দোলনে অপশক্তির অনুপ্রবেশ ঘটেছে। সূত্র : ইত্তেফাক (পৃ.২,ক.৪), সমকাল (পৃ.২,ক.১), ফিন্যানশিয়াল এক্সপ্রেস (পৃ.২,ক.৫), নিউ নেশন (পৃ.৩,ক.৬)।

৯। আন্দোলনরত শিক্ষার্থীদের রাস্তা থেকে ফিরে যাওয়ার আহ্বান স্বরাষ্ট্রমন্ত্রীর

ট্রাফিক আইন মেনে চলুন, ট্রাফিক পুলিশকে সহযোগিতা করুন, ট্রাফিক শৃঙ্খলা একটি জাতির সভ্যতার প্রতীক ইত্যাদি স্লোগানে ঢাকাসহ সারাদেশে গুরু হয়েছে ট্রাফিক সপ্তাহ-২০১৮। গতকাল (৫ আগস্ট রোববার) গুলিস্তান জিরো পয়েন্টে এর উদ্বোধন করেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। আগামী ১১ আগস্ট পর্যন্ত চলমান ট্রাফিক সপ্তাহে যানবাহনের নিবন্ধন, লাইসেন্স, ফিটনেস, ইন্স্যুরেন্সসহ নানা কাগজপত্র ও এসবের মেয়াদ যাচাই-বাছাইয়ের বিশেষ অভিযান পরিচালনা করবে পুলিশ। উদ্বোধন অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী নিরাপদ সড়কের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের রাস্তা থেকে ফিরে যাওয়ার আহ্বান জানান। সূত্র : সমকাল (পৃ.২,ক.২), আমাদের অর্থনীতি (পৃ.১,ক.৫), অবজারভার (পৃ.২,ক.১), নিউ এজ (শেষ পৃ.,ক.৩)।

১০। শিক্ষামন্ত্রীর সাথে সাড়ে সাতশ’ প্রতিষ্ঠান প্রধানের মতবিনিময়

শিক্ষার্থীদের ক্লাসে ফেরাতে নির্দেশ শিক্ষা মন্ত্রণালয়ের

নিরাপদ সড়কের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের ক্লাসে ফেরাতে শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানদের নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। একইসঙ্গে শিক্ষার্থী ও অভিভাবকদের প্রতিষ্ঠানে ডেকে এনে উদ্ভূত পরিস্থিতি বুঝিয়ে লেখাপড়ায় মনোযোগী করার জন্য ব্যবস্থা নিতে হবে শিক্ষা প্রতিষ্ঠানকেই। এরপরও কোনো শিক্ষার্থী যদি ক্লাসে না ফেরে, সড়ক বা মহাসড়কে বিশৃঙ্খলা করে; এর দায় প্রতিষ্ঠান প্রধানের ওপর বর্তাবে এবং এর দায়-দায়িত্বও তাদের নিতে হবে। গতকাল (৫ আগস্ট রোববার) দু’দফায় রাজধানীর সাড়ে সাতশ’ স্কুল-কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও প্রধান

শিক্ষকদের সঙ্গে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের এক মতবিনিময় সভায় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ নির্দেশনা দেন। রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে ঢাকা মহানগরীর সব সরকারি ও বেসরকারি স্কুল-কলেজের

=8=

প্রধানদের সঙ্গে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সূত্র : সমকাল (পৃ.৩,ক.১), ইত্তেফাক (পৃ.১,ক.৫), অবজারভার (শেষ পৃ.,ক.২), নিউ এজ (শেষ পৃ.,ক.৩)।

১১। সরকার নিরাপদ সড়ক আন্দোলনে শিক্ষার্থীদের পাশেই আছে
বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে তথ্যমন্ত্রী

ডা. অরুণরতন চৌধুরীর ‘একাত্তরের মুক্তিযুদ্ধ ও স্বাধীন বাংলা বেতারকেন্দ্র’ বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, শিক্ষার্থীদের আন্দোলনটি যখন সমাপ্তির পথে, তখন গুজব ও মিথ্যাচার করে সরকার হটানোর চক্রান্ত চলছে। আমরা শিশুদের পাহারা দিচ্ছি, তবে গুজব রটনাকারী ও মিথ্যাচারকারীদের এক চুলও ছাড় দেওয়া হবে না। সরকার এ আন্দোলনে শিক্ষার্থীদের পাশেই আছে। ওরা সুপারহিরো। তারা বড়দের দেখিয়ে দিয়েছে, সড়কে কী কী অনিয়ম হচ্ছে। সে অনুযায়ী, প্রধানমন্ত্রী নিজে তাৎক্ষণিক সিদ্ধান্ত দিয়েছেন এবং গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেওয়া হয়েছে। গতকাল (৫ আগস্ট রোববার) জাতীয় প্রেসক্লাবের কনফারেন্স লাউঞ্জে বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র : ইত্তেফাক (পৃ.১৯,ক.১), সমকাল (পৃ.৫,ক.৮)।

১২। ভূমিকম্প মোকাবিলায় নিয়মিত মহড়া করতে হবে : ত্রাণমন্ত্রী

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়ী বলেছেন, ভূমিকম্প মোকাবিলায় সব সংস্থার সমন্বিত উদ্যোগ ও প্রস্তুতি গ্রহণ করতে হবে। নিয়মিত মহড়া করতে হবে এবং মানুষকে সচেতন করার পদক্ষেপ নিতে হবে। তিনি গতকাল (৫ আগস্ট রোববার) বাংলাদেশ সেনানিবাসের আর্মি মাল্টিপারপাস কমপ্লেক্সে দুই দিনব্যাপী ভূমিকম্প অনুশীলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। সূত্র : জনকণ্ঠ (পৃ.৩,ক.২), সমকাল (পৃ.৫,ক.১), অবজারভার (পৃ.৪,ক.১)।

১৩। রোহিঙ্গা শিশুদের শিক্ষায় আড়াই কোটি মার্কিন ডলার দেবে বিশ্বব্যাংক

স্বাস্থ্যখাতের পাশাপাশি রোহিঙ্গা শিশুদের প্রাথমিক শিক্ষা নিশ্চিত করতে ২ কোটি ৫০ লাখ মার্কিন ডলার অনুদান দেবে বিশ্বব্যাংক। স্থানীয় মুদায় যার পরিমাণ দাঁড়ায় প্রায় ২১০ কোটি টাকা। এর মধ্যে আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা গ্লোবাল পার্টনারশিপ ফর এডুকেশনের ৮৩ লাখ মার্কিন ডলার অনুদানও রয়েছে, যা বিশ্বব্যাংকের মাধ্যমেই ব্যয় হবে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) সূত্রে এ তথ্য জানা গেছে। সূত্র : সমকাল (পৃ.১২,ক.৫)।

সম্পাদকীয়

- ক. ইত্তেফাক : ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মার্শা স্টিফেন্স ব্রুম বার্নিকাটের গাড়িবহরে দুর্বৃত্তরা হামলা করায় নিন্দা জানিয়ে হামলাকারীদের অবিলম্বে গ্রেফতারের দাবি।
- খ. যুগান্তর : ওষুধের দরদাম বেড়ে চলায় অনেকের পক্ষে প্রয়োজনীয় ওষুধ সংগ্রহ করা সম্ভব হয়না উল্লেখ করে জনগণ যাতে সাশ্রয়ী মূল্যে সব ধরনের ওষুধ ক্রয় করতে পারে এজন্য প্রয়োজনীয় আইন করার পাশাপাশি আইন বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান।
- গ. যায়যায়দিন : রাজধানীর প্রায় ৮০ ভাগ ভবন নির্মাণের ক্ষেত্রে নিয়ম-নীতির তোয়াক্কা করা হয় না- রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যানের এ বক্তব্যে উদ্বেগ প্রকাশ করে সুষ্ঠুভাবে নিয়ম-নীতি মেনে ভবন নির্মাণের সাথে সাথে ঝুঁকিপূর্ণ ভবন নির্মাণকারীদের শাস্তির আওতায় আনার ওপর গুরুত্বারোপ।
- ঘ. বণিকবার্তা : গাজীপুরে বনের মধ্যে একটি ব্যাটারি কারখানা ও অনেক অবৈধ কারখানা গড়ে ওঠায় তা পরিবেশ দূষণের কারণ হচ্ছে উল্লেখ করে এসব কারখানা বন্ধে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।
- ঙ. ইন্ডিপেনডেন্ট : পটুয়াখালীর কলাপাড়া উপজেলার কয়েকটি গ্রামে ৫০টি লোহার ব্রিজ ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে উল্লেখ করে সারাদেশে এ ধরনের ঝুঁকিপূর্ণ ব্রিজ সংস্কারের ওপর গুরুত্বারোপ।
- চ. ডেইলি সান : রাজধানীতে যানজট, জনসংখ্যা আধিক্য ও পরিবেশ দূষণ রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

উপসম্পাদকীয়

সমকাল পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, আইনের প্রতি সবার শ্রদ্ধা প্রদর্শন, আইনের যথাযথ প্রয়োগ ও সমন্বিত প্রয়াসের মাধ্যমেই পরিবহণ সেক্টরের চলমান নৈরাজ্য ও অরাজকতা ধীরে ধীরে নির্মূল করা সম্ভব।

নিবন্ধ ও ফিচার

যুগান্তর পত্রিকায় প্রকাশিত ‘কবিগুরু ও বাংলা সাহিত্য’ শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে,

সাংস্কৃতিক আন্দোলন ও শুদ্ধ সাহিত্যচৰ্চাৰ মাধ্যমেই কেবল অসাম্প্ৰদায়িক সমাজ বিনিৰ্মাণ সম্ভব।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মৰজিনা/সাগৈদা/ৰশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা